DEMOCRACYNYC YOUR VOICE, YOUR POWER | NYC Office of Immigrant Affairs | CEC NYC Civic Engagement Commission | VOTER LANGUAGE ASSISTANCE | nyc votes

আপনার অধিকারগুলি জানুন

সাধারণ নির্বাচন অথবা বিশেষ নির্বাচনে আপনার ভোটদানের অধিকার আছে যদি:

- আপনি একজন নিবন্ধিত ভোটার হন।
- আপনি নির্বাচনের দিনে সকাল 6:00 টা থেকে রাত 9:00 টার মধ্যে ভোটকেন্দ্রের ভিতরে অথবা লাইনে থাকেন অথবা যদি আপনি আগাম ভোট দিয়ে থাকেন (দিন এবং সময়ের জন্য vote.nyc দেখুন)।

আপনার একটি প্রাথমিক নির্বাচনে ভোটদানের অধিকার আছে যদি:

- আপনি একজন নিবন্ধিত ভোটার এবং এমন একটি দলে তালিকাভুক্ত যারা প্রাথমিক নির্বাচন পরিচালনা করছে, যদি না রাজ্যের দল সংক্রান্ত বিধি অন্যথায় অনুমতি দেয়।
- আপনি নির্বাচনের দিনে সকাল 6:00 টা থেকে রাত 9:00 টার মধ্যে ভোটকেন্দ্রের ভিতরে অথবা লাইনে থাকেন অথবা যদি আপনি আগাম ভোট দিয়ে থাকেন (দিন এবং সময়ের জন্য vote.nyc দেখুন)।

আগাম ভোট

আপনার আগাম ভোট দেওয়ার অধিকার আছে। আগাম ভোট নির্বাচনের দিনের 10 দিন আগে থেকে শুরু করে প্রতিটি নির্বাচনের দিনের আগে পরপর নয় দিন গ্রহণ করা হবে। আপনি নির্বাচনের দিনও ভোটদান করতে পারবেন। কোথায় আগাম অথবা নির্বাচনের দিনে ভোট দেওয়া যাবে তা জানতে vote.nyc দেখুন।

যেকোনো নির্বাচনে আপনার এই অধিকারগুলি রয়েছে:

- আপনার ভোট দিতে সাহায্য লাগলে কোনো প্রশিক্ষিত ভোটকর্মী সহ আপনার পছন্দের যেকোনো ব্যক্তির (আপনার নিয়োগকর্তা বা ইউনিয়নের প্রতিনিধি ছাড়া) সহায়তা পাওয়ার।
  আপনার দোভাষীর প্রয়োজন হলে নির্বাচিত কিছু স্থানে ভোটারদের সহায়তা করতে দোভাষীদের পাওয়া যাবে।
    - **স্প্যানিশ, চাইনিজ (ক্যান্টনিজ ও মান্দারিন), কোরিয়ান, বাংলা, পাঞ্জাবী ও হিন্দি ভাষার দোভাষীর উপলব্ধতার ভোটদান কেন্দ্রগুলি সহ আরো তথ্যের জন্য 866-VOTE-NYC নম্বরে ফোন করুন।**
    - **আরবী, বাংলা, চাইনিজ (ম্যান্ডারিন, ক্যান্টনিজ), ফ্রেঞ্চ, হাইতিয়ান ক্রেওল, কোরিয়ান, ইতালীয়, পোলিশ, রাশিয়ান, ইদ্দিশ এবং উর্দু ভাষার জন্য কোন পোল সাইটগুলিতে নিউ ইয়র্ক সিটি নাগরিক নিযুক্তি কমিশন -এর দোভাষীরা আছে তা দেখতে on.nyc.gov/vla দেখুন।**
- ভোটিং বুথে আপনার সঙ্গে একজন দোভাষীকে নিয়ে আসার (ইউনিয়নের প্রতিনিধি বা নিয়োগকর্তাকে আনার অনুমতি নেই)।
- আপনার ব্যালটে কীভাবে চিহ্ন দেবেন এবং কীভাবে ভোট প্রদান করবেন তা জানতে নির্বাচন কর্মীদের জিজ্ঞাসা করা।
- নিজের সঙ্গে প্রার্থীদের সম্পর্কে উপাদান ও ব্যালট সংক্রান্ত প্রশ্নাবলী নিয়ে আসা, যেমন CFB ভোটার গাইড। (আপনার ভোট দেওয়া হয়ে গেলে অনুগ্রহ করে এই উপাদানগুলি আপনার সঙ্গে নিয়ে যান।)
- এমনকি ভোটিং মেশিন ভাঙা থাকলেও ভোট দেওয়া।
- আপনার ভোটদান কেন্দ্রে ভোটারদের তালিকায় আপনার নাম না থাকলেও "হলফনামা ব্যালট" দিয়ে ভোট দেওয়া।
- ভোট দেওয়ার জন্য কাজের বাইরে কিছু সময় চেয়ে নেওয়া: নিউ ইয়র্ক স্টেটের আইন ভোট দেওয়ার জন্য শিফটের শুরুতে অথবা শেষে দুই ঘণ্টার সবেতন ছুটি নেওয়ার অনুমতি দেয়, যতক্ষণ পর্যন্ত আপনি নির্বাচনের দিনের কমপক্ষে দুই দিন আগে আপনার নিয়োগকর্তাকে জানান।
- ফেডারেল ও স্টেট আইনের অধীনে, প্রতিবন্ধী ব্যক্তিরা ভোটার নিবন্ধনে সহায়তা, অ্যাক্সেসযোগ্য ভোটদান কেন্দ্র এবং তাদের ব্যালট দেওয়ার ক্ষেত্রে সহায়তা পাওয়ার অধিকারী। আপনার কোনো প্রতিবন্ধকতা থাকলে এবং আপনাকে ভোট দিতে বা ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে সহায়তা পাওয়ার অধিকার দিতে অস্বীকার করা হয়েছে বলে মনে করলে অনুগ্রহ করে 311 নম্বরে ফোন করুন।

- আপনি বর্তমানে প্রোবেশন বা প্যারোলে থাকলেও আপনার ভোট দেওয়ার অধিকার আছে। আপনি যদি পূর্বে নিবন্ধন করে থাকেন, তাহলে আপনার ভোটার রেকর্ড এখনও সক্রিয় থাকা উচিত। **আপনার ভোটার নিবন্ধন স্থিতি এখানে যাচাই করুন:** voterlookup.elections.ny.gov/

আপনি যদি প্রথমবার ভোট দিচ্ছেন, তাহলে আপনাকে ভোট দিতে পরিচয়পত্র দেখাতে হতে পারে।

- পরিচয়পত্রের গ্রহণযোগ্য ধরণগুলির মধ্যে পড়ে বৈধ ফটো আইডি অথবা বর্তমান ইউটিলিটি বিল, ব্যাঙ্ক বিবৃতি, সরকারি চেক বা বেতনের চেক অথবা আপনার নাম ও ঠিকানা উল্লেখ আছে এমন সরকারি নথিপত্র।
- আপনি পরিচয়পত্র দেখাতে না পারলে বা না দেখানো পছন্দ করলে আপনার এফিডেভিট ব্যালট দিয়ে ভোট দেওয়ার অধিকার রয়েছে।

আপনার ব্যালটে ভোটদান করা

নির্বাচনের দিনে বা আগাম ভোট দেওয়ার সময় আপনার ব্যালটে ভোটদানের তিনটি সহজ ধাপ আছে। আপনার পছন্দ পূরণে সহায়তা লাগলে ব্যালট মার্কিং ডিভাইস (Ballot Marking Device) ব্যবহারের কথা বলুন।

1 | আপনার ব্যালট নিন

- আপনার নির্ধারিত ভোটদান কেন্দ্রে যান এবং আপনার অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট/ইলেকশন ডিসট্রিক্ট-এর সঠিক টেবিলটি খুঁজে নিন (এই সংখ্যাগুলি আপনার নির্বাচন বোর্ড (Board of Elections) থেকে পাওয়া বিজ্ঞপ্তি এবং আপনার ভোটার গাইডের ডাকে পাঠানোর লেবেলে বড় হরফে লেখা থাকে) অথবা findmypollsite.vote.nyc/-এ যান
- স্বাক্ষর করুন এবং ভোট কর্মীর কাছ থেকে আপনার ~~দুই পৃষ্ঠার~~ কাগজের ব্যালট নিন। আপনি নিজের ব্যালটটি চিহ্নিত করার পর সেটিকে আড়াল করতে একটি গোপনীয়তার খাম প্রদান করা হবে। ব্যালটের পৃষ্ঠার উভয় পাশে ওপরে নির্দেশাবলী দেওয়া থাকবে।
  - ব্যালটের **র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা (Ranked Choice Voting)**-এর দিকটিতে নিচের প্রতিদ্বন্দ্বিতাগুলি থাকতে পারে: মেয়র, সরকারি আইনজীবী, নিয়ন্ত্রক, বরো সভাপতি এবং সিটি কাউন্সিল।
  - ব্যালটের **র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান না করা (Non-Ranked Choice Voting)**-এর দিকটিতে নিচের প্রতিদ্বন্দ্বিতাগুলি থাকতে পারে: ডিস্ট্রিক্ট অ্যাটর্নি, স্টেট কমিটি, সিভিল কোর্টের বিচারক (ডিস্ট্রিক্ট বা কাউন্টি), ডিস্ট্রিক্ট লীডার, জুডিশিয়াল কনভেনশনের নির্বাচিত প্রতিনিধি।
- গোপনীয়তার বুথে যান অথবা ব্যালট মার্কিং ডিভাইসটি ব্যবহারের অনুরোধ করুন।

2 | আপনার ব্যালট চিহ্নিত করুন

আপনি পছন্দের ক্রম অনুসারে 5 জন প্রার্থী পর্যন্ত র‍্যাঙ্ক করতে পারেন।

- আপনার পছন্দের প্রার্থী নির্বাচন করুন এবং 1ম কলামের নিচে সংশ্লিষ্ট ডিম্বাকৃতি অংশটি সম্পূর্ণরূপে পূরণ করুন।
- আপনি যদি একাধিক প্রার্থী পছন্দ করেন, তাহলে পাঁচটি পর্যন্ত পছন্দের জন্য সংশ্লিষ্ট ডিম্বাকৃতি অংশটি পূরণ করুন।
- আপনি যদি চান তবে আপনি এখনও শুধুমাত্র একজন প্রার্থীকেই ভোট দিতে পছন্দ করতে পারবেন। অন্য প্রার্থীদের র‍্যাঙ্ক দিলে আপনার প্রথম পছন্দটি ক্ষতিগ্রস্ত হবে না।

একজন প্রার্থীকে একাধিকবার র‍্যাঙ্ক করবেন না। যদি আপনি তা করেন, তাহলে শুধুমাত্র আপনার শীর্ষ র‍্যাঙ্কিংটিই তার পক্ষে গণনা করা হবে।



একাধিক প্রার্থীকে একই র‍্যাঙ্ক দেবেন না। আপনি যদি আপনার প্রথম পছন্দ হিসাবে একজনের বেশি প্রার্থীকে পছন্দ করেন, তাহলে আপনার ব্যালট বৈধ হবে না।

ব্যালটের **র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান না করা** পক্ষের জন্য (ডিস্ট্রিক্ট অ্যাটর্নি, স্টেট কমিটি, সিভিল কোর্টের বিচারক (ডিস্ট্রিক্ট বা কাউন্টি), ডিস্ট্রিক্ট লীডার, জুডিশিয়াল কনভেনশনের নির্বাচিত প্রতিনিধি) শুধু আপনার পছন্দের একজন প্রার্থীকে নির্বাচন করুন।

3 | আপনার ব্যালট স্ক্যান করান

- স্ক্যানারের এলাকায় আপনার গোপনীয়তার খামে ভরা চিহ্নিত ব্যালটটি নিয়ে যান।
- স্ক্রীনে সংশ্লিষ্ট বোতামটি স্পর্শ করে আপনার পছন্দের ভাষা নির্বাচন করুন।
- আপনার ভোট দান করাতে আপনার চিহ্নিত ব্যালটটি স্ক্যানারে ঢোকান। স্ক্যানার যেকোনো দিক দিয়েই ব্যালট গ্রহণ করে এবং উভয় দিকই পড়তে পারে। আপনার ভোট দান হয়ে গেলে স্ক্যানার আপনাকে তা জানিয়ে দেবে।

রাইট-ইন ভোটদান
আপনি ব্যালটে তালিকাভুক্ত নন এমন কোনও প্রার্থীকে ভোট দিতে চাইলে আপনার যা করা আবশ্যক:

- "রাইট-ইন" লাইনে নামটি লিখুন, এবং
- আপনার পছন্দকে র‍্যাঙ্ক দেওয়ার জন্য একটি ডিম্বাকৃতি অংশটি ভর্তি করুন।

ব্যালট মার্কিং ডিভাইস কীভাবে ব্যবহার করতে হয়
ব্যালট মার্কিং ডিভাইসটি ভোটারদের ব্যালট অ্যাক্সেস করার দুটি উপায় প্রদান করে:

- ডিসপ্লে স্ক্রীনে ব্যালটটি দেখুন
- অডিও হেডফোনের মাধ্যমে ব্যালটটি শুনুন

ব্যালট মার্কিং ডিভাইসটি ভোটারদের ব্যালট চিহ্নিত করার চারটি উপায় প্রদান করে:

- টাচ স্ক্রীন
- কিপ্যাড (ব্রেইল)
- সিপ ও পাফ ডিভাইস
- রকার প্যাডেল

ব্যালট মার্কিং ডিভাইস ব্যবহার করে আপনার ব্যালট চিহ্নিত করতে এই ধাপগুলি অনুসরণ করুন:

- আপনি কীভাবে ব্যালটটি অ্যাক্সেস করবেন ও তা চিহ্নিত করবেন সেই সিদ্ধান্ত নিন।
- ফিড ট্রেতে আপনার ব্যালটটি ঢোকান।
- আপনার পছন্দের ভাষা নির্বাচন করুন।
- ব্যালট মার্কিং ডিভাইসটি আপনাকে আপনার পছন্দ বাছাইয়ের ও আপনার নির্বাচন পর্যালোচনার প্রক্রিয়ার মধ্যে দিয়ে পথ দেখাবে।
- কোনও নির্বাচন বদলাতে, আপনি যে প্রতিদ্বন্দ্বিতা বা সমস্যাটি বদলাতে চান সেটি নির্বাচন করুন এবং আবার করে যথাযথ পছন্দটি নির্বাচন করুন। সারসংক্ষেপের স্ক্রীনে ফেরত যেতে "পরবর্তী" নির্বাচন করুন।
- আপনার চিহ্নিত ব্যালট মুদ্রণ করতে "ব্যালট চিহ্নিত করুন" নির্বাচন করুন।
- আপনার মুদ্রিত ব্যালট ও ভোটার কার্ড স্ক্যানার এলাকায় নিয়ে যান।
- আপনি নিজের ব্যালটটি স্ক্যানারে ঢোকাতে সাহায্য চাইলে কোনও ভোট কর্মী আপনার সহায়তা করবেন।

মনে রাখবেন:

আপনার ব্যালটটি উল্টে দেখুন! পিছনের দিকে ভোট দেওয়ার জন্য নির্দেশাবলী এবং/অথবা ব্যালট প্রস্তাব থাকতে পারে।

ডিম্বাকৃতি অংশটি সম্পূর্ণ ভরাট করুন। ডিম্বাকৃতি অংশটিতে কোনও "x", কোনও "✓", বা গোল দাগ দেবেন না।

র‍্যাঙ্কড চয়েস ব্যালট কীভাবে পূরণ করবেন: পছন্দের ক্রমানুসারে পাঁচজন পর্যন্ত প্রার্থীদের র্‍যাঙ্ক করুন। আপনি শুধুমাত্র একজনকে ভোটও দিতে পারেন

আপনি কোনও রাইট-ইন প্রার্থীকে ভোট দিতে পারেন। ব্যালটে নাম না থাকা কোনও প্রার্থীকে ভোট দেওয়ার জন্য, "রাইট-ইন" লাইনে নামটি লিখুন, এবং আপনার পছন্দকে র্‍যাঙ্ক দেওয়ার জন্য একটি ডিম্বাকৃতি অংশ ভর্তি করুন।

প্রতিটি পদের জন্য ও ব্যালটের প্রতিটি প্রশ্নের উপর অবশ্যই ভোট দিন। স্ক্যান করার আগে আপনার ব্যালটটি যত্ন সহকারে উল্টে দেখুন। প্রতিটি প্রতিদ্বন্দ্বিতার জন্য ও ব্যালটের প্রতিটি প্রস্তাবের উপর ভোট দেওয়া নিশ্চিত করুন।

সমস্যা ও সমাধানসমূহ

আমি আমার ব্যালট চিহ্নিত করায় একটি ভুল করে ফেলেছি।

আপনি যদি সশরীরে ভোট দেন, সেই ক্ষেত্রে আপনি একাধিক প্রার্থীকে একই র‍্যাঙ্কিং দিলে অথবা আপনি এটিকে স্ক্যান করার সময়ে সম্পূর্ণ ফাঁকা ব্যালট জমা দিলে, ভোটিং মেশিন আপনাকে জানাবে। যদি আপনি কোনো ভুল করেন, তাহলে আপনি ভোট কর্মীর কাছে একটি নতুন ব্যালট চাইতে পারেন। আপনি র‍্যাঙ্কিং বাদ দিয়ে গেলে কিংবা একই প্রার্থীকে একাধিক বার র‍্যাঙ্ক দিলে ভোটিং মেশিন আপনাকে জানাবে না, যেহেতু আপনার শীর্ষ পছন্দের ভোটটি এই পরিস্থিতিতে এরপরেও গণ্য হবে

টেক্সটের মাপ খুবই ছোট; আমি আমার কাগজের ব্যালটটি পড়তে পারছি না।

একটি বড় করে দেখার শীট পাওয়া যাবে। আপনি একটি ব্যালট মার্কিং ডিভাইস ব্যবহার করার জন্যও অনুরোধ করতে পারেন।